

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ২৪টি প্রতিষ্ঠানকে ১.০০ লক্ষ টাকা জরিমানা

১৪ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৮ জন কর্মকর্তার নেতৃত্বে রংপুর, বরিশাল, যশোর, পঞ্চগড়, মৌলভীবাজার, রাজবাড়ী ও নড়াইলে আজ বাজার তদারকি করা হয়।

রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুরের মনিরামপুর এলাকায় ১টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ান নেতৃত্বে বরিশালের বানারিপাড়া উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুরের গঞ্জাচড়া উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোরের চৌগাছা উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড় বিভিন্ন এলাকায় ৬টি প্রতিষ্ঠানকে ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১২,৫০০/- (বোর হাজার পাঁচশত) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা এবং নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৯৭,০০০/- (সাতানব্বই হাজার) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চইঝাল রেস্টুরেন্ট ও কাবাব ফ্যাক্টরীকে যথাক্রমে ২,০০০/- (দুই হাজার) টাকা ও ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট ৩,০০০/- (তিন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ৮টি বাজার তদারকি ও ২টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২৪টি প্রতিষ্ঠানকে মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে মং ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, ক্যাব, বাজার কর্মকর্তা ও স্যানিটারী ইন্সপেক্টর এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, রংপুর, বরিশাল, যশোর, পঞ্চগড়, মৌলভীবাজার, রাজবাড়ী ও নড়াইল।
- ৭। পুলিশ সুপার, রংপুর, বরিশাল, যশোর, পঞ্চগড়, মৌলভীবাজার, রাজবাড়ী ও নড়াইল।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।